

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২১২

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৫৫. মালিকানা (অভিভাবকত্ব) টেনে নেওয়া

باب جَرّ الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ عَنْ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ قَالَ قَالَ عُمَرُ إِذَا كَانَتْ الْحُرَّةُ تَحْتَ الْمَمْلُوكِ فَوَلَدَتْ لَهُ غُلَامًا فَإِنَّهُ يُعْتَقُ بِعِتْقِ أُمِّهِ وَوَلَاقُهُ لِمَوَالِي أُمِّهِ فَإِذَا أُعْتِقَ الْأَبُ جَرَّ الْمَمْلُوكِ فَوَلَدَتْ لَهُ غُلَامًا فَإِنَّهُ يُعْتَقُ بِعِتْقِ أُمِّهِ وَوَلَاقُهُ لِمَوَالِي أُمِّهِ فَإِذَا أُعْتِقَ الْأَبُ جَرَّ الْوَلَاءَ إِلَى مَوَالِي أُمِيهِ

বাংলা

৩২১২. ইবরাহীম (রহঃ) হতে বর্ণিত, উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন: যদি কোনো দাসের অধীনে কোনো মুক্ত স্ত্রীলোক থাকে, আর তার গর্ভে সেই দাসের পক্ষের কোনো ছেলে থাকে, ফলে সে ছেলেকে তার মাতার মুক্ত হওয়ার কারণে মুক্তি দান করা হবে, আর তার ওয়ালা' বা অভিভাবকত্ব লাভ করবে সে স্ত্রীলোকের অভিভাবকগণ। এরপর যখন তার পিতা মুক্তি পাবে, তখন তার (ছেলের) ওয়ালা' তথা অভিভাবকত্ব চলে যাবে তার পিতার অভিভাবকগণের নিকট।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মুনকাতি' বা বিচ্ছিন্ন।

তাখরীজ: বাইহাকী, ওয়ালা ১০/৩০৬। বাইহাকী বলেন, এটি মুনকাতি', তবে উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে এটি মুত্তাসিল হিসেবেও বর্ণিত হয়েছে...।" আর এটি ৩২০৬ এ গত হয়েছে যেখানে আমরা এটি মুনাকাতি' ও মুত্তাসিল উভয়টি তাখরীজ করেছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইব্রাহীম আন-নাখঈ (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন